# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৯২

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ (২০) নাজাসাত বা নাপাকি দূরীকরণ

## 20 ـ بَابُ تَطْهِيرِ النَّجَاسَةِ

আরবী

1392 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا يَحْيَى حَدَّثَنَا سُفْيَانُ عَنْ ثَابِتٍ عَنْ عَدِيِّ بْنِ دِينَارٍ مَوْلَى أُمِّ قَيْسٍ بِنْتِ مِحْصَنٍ: عَنْ أُمِّ قَيْسٍ بِنْتِ مِحْصَنٍ قَالَتْ: سَأَلْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ دَمِ الْحَيْضِ يُصِيبُ الثَّوْبَ فقال:

(اغسليه بالماء والسِّدْر وحُكِّيه بضِلَع)

الراوي : أُمّ قَيْسٍ بِنْت مِحْصَنٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1392 | خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اغْسِلِيهِ بِالْمَاءِ) أَمْرُ فَرْضٍ وَذِكْرُ السِّدْر والحَكّ بالضِلَعِ أمرا ندب وإرشاد

বাংলা

১৩৯২. উম্মু কাইস বিনতু মিহসান রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস হায়েযের রক্ত সম্পর্কে, যা কাপড়ে লেগে যায়, জবাবে তিনি বলেন, “তুমি সেটাকে পানি ও বরই পাতা দিয়ে ধৌত করবে এবং  হাড্ডি (বা এই জাতীয় কিছু) দিয়ে খুঁচিয়ে (রক্তের দাগ তুলে) নিবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “তা ধৌত করবে” এই নির্দেশটি অবশ্য পালনীয় বা ফরয নির্দেশ। আর বরই পাতা ও হাড্ডি ব্যবহারের নির্দেশটি উত্তমতামূলক।”

## ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৬২৮; সহীহ ইবনু খুযাইমাহ: ২৭৭; মুসনাদ আহমাদ: ৬/৩৫৫; আবূ দাঊদ: ৩৬৩; সুনান বাইহাকী: ২/৪০৭; নাসাঈ: ১/১৫৪-১৫৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৬২৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৯৯০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৩৮৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উম্মু কায়স বিনত মিহসান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90706

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন